

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
আইন শাখা-১
পরিবহণ পুল ভবন (কক্ষ নং-৯১২)
সচিবালয় লিংক রোড, ঢাকা।

পত্র সংখ্যা- ৫৭.০০.০০০০.০৪৬.০৪.০৬৪.১৯ -৫১৯

তারিখঃ ২৯ আশ্বিন ১৪২৬ ব.
১৪ অক্টোবর ২০১৯ খ্রি.

বিষয়ঃ রিট পিটিশন নং- ৪৩০৫/২০১৯ মামলার ২৩/৪/২০১৯ তারিখের অন্তর্বর্তীকালীন আদেশের আলোকে পিটিশনার কর্তৃক ২০/১/২০১৯ তারিখে (Annexure-G মূলে) দাখিলকৃত আবেদনটি নিষ্পত্তিকরণের বিষয়ে টিএমইডি হতে ২০/০৮/২০১৯ তারিখে ৪২৬ সংখ্যক স্মারকে প্রেরিত পত্রের উপর গৃহীত ব্যবস্থার হালনাগাদ তথ্যাদি প্রেরণ সংক্রান্ত।

সূত্র: (১) টিএমইডি'র স্মারক নং- ৫৭.০০.০০০০.০৪৬.০৪.০৬৪.১৯-৪২৬, তারিখ: ২০/৮/২০১৯ খ্রি.

(২) সুপার (সাময়িক বরখাস্তকৃত), পূর্ব ধীরাশ্রম ড: বাখরউদ্দিন ইসলামিয়া দাখিল মাদ্রাসা, সদর, গাজীপুর এর ০৯/০৫/২০১৯ তারিখের আবেদন।

উপর্যুক্ত বিষয়ে সূত্রোক্ত পত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, গাজীপুর জেলার সদর উপজেলাধীন পূর্ব ধীরাশ্রম ড: বাখর উদ্দিন ইসলামিয়া দাখিল মাদ্রাসা'র সুপার তাঁর আবেদনে উল্লেখ করেছেন যে-

(ক) "০৪ জন শিক্ষক নিয়োগ সংক্রান্ত অভিযোগ/অর্থ আত্মসাৎসহ বিভিন্ন প্রকার মিথ্যা অভিযোগ অনিয়া গত ২৪/০৪/২০১৮ তারিখে ম্যানেজিং কমিটি কর্তৃক কারণ দর্শানো নোটিশসহ তীকে (সুপার-কে) সাময়িক বরখাস্ত করা হয়। পরপর আরো ২টি নোটিশ প্রদান করা হলে প্রত্যেকটি নোটিশের জবাব তৎ (সুপার) কর্তৃক প্রদান করা হয় মর্মে আবেদনে উল্লেখ রয়েছে।

(খ) অতঃপর ম্যানেজিং কমিটি জবাব সঠিক হয়নি মর্মে পরপর ০৩ বার পত্র প্রেরণ করেন। বেসরকারী শিক্ষক নীতিমালা-২০১৮ অনুযায়ী ৬০ দিনের উর্ধ্বে কাউকে সাময়িক বরখাস্তের মাধ্যমে বুলাইয়া রাখা বেসরকারি শিক্ষক নিয়োগ পরিপন্থী। কিন্তু দীর্ঘদিন সাময়িক বরখাস্তের মাধ্যমে আমাকে (সুপার-কে) বুলাইয়া রাখা হয়েছে।

(গ) বর্ণিত প্রেক্ষাপটে উক্ত ০৪ জন শিক্ষক নিয়োগ সংক্রান্ত কাগজপত্র ও ভূয়া অর্থ আত্মসাৎের তদন্ত প্রতিবেদন ও ০৩ জন শিক্ষকের টাকা পয়সা না দেয়ার অশীকার পত্র ও অন্যান্য আনুষঙ্গিক কাগজপত্রসহ মহামান্য হাইকোর্টে রিট পিটিশন নং-৪৩০৫/২০১৯ মামলা দায়ের করা হলে মহামান্য হাইকোর্ট "আমার (সুপার) বিরুদ্ধে আনা সাময়িক বরখাস্ত যথাযথ হয়নি মর্মে আদেশ দেন এবং পরবর্তী ৩০ দিনের মধ্যে আমাকে (সুপার, এ বি এম সামছুল আলম-কে) স্বপদে বহালসহ সম্পূর্ণ বেতন-ভাতাদি দেয়ার জন্য আদেশ জারি করেন" মর্মে উল্লেখ করা হয়েছে।

(ঘ) এফণে রিট পিটিশন নং-৪৩০৫/২০১৯ মামলার ২৩/৪/২০১৯ তারিখের অন্তর্বর্তীকালীন আদেশের কপিসহ তার সাময়িক বরখাস্তের আদেশ প্রত্যাহারের জন্য পূর্ব ধীরাশ্রম ড: বাখর উদ্দিন ইসলামিয়া দাখিল মাদ্রাসা, সদর, গাজীপুর এর সাময়িক বরখাস্তকৃত সুপার জনাব এ বি এম সামছুল আলম কর্তৃক সচিব, টিএমইডি বরাবর আবেদনপত্র দাখিল করা হয়েছে।

২। উল্লেখ্য রিট পিটিশন নং-৪৩০৫/২০১৯ মামলার ২৩/৪/২০১৯ তারিখের অন্তর্বর্তীকালীন আদেশে পিটিশনার কর্তৃক ২০/১/২০১৯ তারিখে (Annexure-G মূলে) ডিজি, ডিএমই বরাবর দাখিলকৃত আবেদনটি আদেশপ্রাপ্তির ৩০ (ত্রিশ) দিনের মধ্যে বিধি মোতাবেক নিষ্পত্তি করার জন্য ২ নং বিবাদী (ডিজি, ডিএমই)-কে নির্দেশনা প্রদান করা হয়।

৩। কিন্তু আবেদনকারীর বিবেচ্য আবেদনে রিট পিটিশন নং-৪৩০৫/২০১৯ মামলার ২৩/৪/২০১৯ তারিখের অন্তর্বর্তীকালীন আদেশের বিষয়ে বর্ণিত { "আমার (সুপার) বিরুদ্ধে আনা সাময়িক বরখাস্ত যথাযথ হয়নি মর্মে আদেশ দেন এবং পরবর্তী ৩০ দিনের মধ্যে আমাকে (সুপার-কে) স্বপদে বহালসহ সম্পূর্ণ বেতন-ভাতাদি দেয়ার জন্য আদেশ জারি করেন" মর্মে} বক্তব্যটি সঠিক নয় মর্মে প্রতীয়মান হয়।

৪। রিট পিটিশন নং-৪৩০৫/২০১৯ মামলার ২৩/৪/২০১৯ তারিখের অন্তর্বর্তীকালীন আদেশের প্রেক্ষিতে পিটিশনারের ২০/১/২০১৯ তারিখের আবেদনটি (Annexure-G মূলে) ডিজি, ডিএমই বরাবর দাখিলকৃত আবেদনটি নিষ্পত্তিকরণ তথা সরকার পক্ষে ব্যবস্থা গ্রহণের জন্য টিএমইডি হতে সূত্রোক্ত (১) নং স্মারকমূলে ডিজি, ডিএমই বরাবর পত্র প্রেরণ করা হয়। উক্ত পত্রের পরবর্তীতে ডিএমই কর্তৃক গৃহীত ব্যবস্থা হালনাগাদ তথ্যাদি জানা যায়নি।

৫। এমতাবস্থায়, রিট পিটিশন নং- ৪৩০৫/২০১৯ মামলার ২৩/৪/২০১৯ তারিখের অন্তর্বর্তীকালীন আদেশের আলোকে পিটিশনার কর্তৃক ২০/১/২০১৯ তারিখে (Annexure-G মূলে) দাখিলকৃত আবেদনটি নিষ্পত্তিকরণ তথা টিএমইডি হতে সূত্রোক্ত (১) নং স্মারকমূলে প্রেরিত পত্রের উপর কী ব্যবস্থা গ্রহণ করা হয়েছে এর হালনাগাদ তথ্যাদি আগামী ২৩/১০/২০১৯ খ্রি: এর মধ্যে টিএমইডি-কে প্রেরণের জন্য নির্দেশক্রমে মহোদয়কে অনুরোধ করা হলো।

(মো: আ: খালেদ মিঞা)
সিনিয়র সহকারী সচিব (আইন)
ফোন-৪১০৫০১৫৭।

মহাপরিচালক
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, রেডক্রিসেন্ট বোরাক টাওয়ার
লেভেল-৩, ৩৭/৩/এ, ইন্সটান গার্ডেন রোড, রমনা, ঢাকা।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে:

- ১। সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ২। সিস্টেম এনালিস্ট, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৩। অতিরিক্ত সচিব (মাদ্রাসা) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা
- ৪। যুগ্মসচিব (অডিট ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা
- ৫। অফিস কপি/মাস্টার কপি।